because my sails are invisible.  
I kiss, unseen, because my kiss is of light rays.  
My writing flows in defiance of punctuation  
since thunder and lightning baptized its alphabet.  
Of love I live and I flourish  
since death denies love, and I seize  
every passing moment  
in ways of endless wonder, away  
from routine and worthless calculations.  
And when I sing, I say to the mountains:  
Shine! and to the eagle: Screech!  
And to the letters: Be the promised graces,  
and to the words: Don't let my locks rust  
or my keys go unfound. Words! Do not  
anguish the dream, and never utter  
the word Yes beyond her breasts.

*Translated from Polish by the poet*

### SO THAT THE BUTTERFLY WON'T DIE INSIDE ME

I dig a hole in the oak of poetry  
and open the volcano's mouth  
so that the grass crosses and the roses prickle.  
I write so that the light, at the tunnel's end, won't die;  
the bread loaf cheers the glory of the blood spilled around it;  
the stones have a savor and color,  
and the flowers have the kiss's weight.  
I write so that the friend won't die forever;  
no tree bends or bud withers;  
no date palm sinks in the landfill of absence,  
no ink or rain or spring dries; no man despairs,  
or a lover's prayer goes to waste.  
I write to tell the wind,

“I’m your brother in storm,  
 the igniter of the first spark,  
 the keeper of thunder the guard of the trail.”  
 I write so that the words won’t be buried;  
 the valiant vision won’t disappear  
 in the distraction of sight;  
 the butterfly won’t die inside me,  
 and the nightmare of doubts won’t sweep the dream.  
 I write so that no innocent be slain;  
 no sinner be stoned;  
 no child dies from explosion;  
 no living-dead are mutilated;  
 no other meaning for water than life;  
 nor to be like the caves’ inhabitants  
 or a rotten shoe riddled by the roads.  
 I write so that darkness won’t be day;  
 Babel drinks from the hand of light;  
 the river continues to run to the fields and the plains;  
 its marks are on the mountains, its glitter among the clouds.  
 I write so that my mother’s prayer and father’s praise  
 be the stars’ hymn and the clouds’ plea;  
 the invisible be seen, the inaudible be heard,  
 and the untouchable be touched.  
 I write to beseech God, “Give me Your email;  
 let us frankly talk,  
 to fathom the savor of dialogue and grievance  
 without a mediator or a spy.”  
 I write so that exhale and inhale have a meaning,  
 a purpose in life,  
 and for the beloved a statue higher than the mountains.  
 I write so that no seeker is humiliated; no flower dehydrates.  
 You’ll be me; I’ll be you,  
 as big as air, water, and food.  
 I write so that the wing will be as wide as its dream,  
 and the light present, in the size of its guardian,  
 floating in the wide space, in us, around us;  
 I write to be me.

*Translated from Arabic by Dr. Kahtan Mandwee*

*Iraq*

## Naznin Seamon

### TELL ME

Tell me where I can find you  
 how far I need to walk, or  
 which medium you can be reached at:  
 email, facebook, emo, whatsapp, or anything else—  
 spill it once, briskly I’ll come like a shooting star.  
 I’ll slice open the world as if it’s a juicy orange,  
 I’ll tear apart the hemispheres,  
 pluck all obscurities like people do to the  
 dark black seed of a red watermelon;  
 I’ll swallow down three-fourth of water and start  
 crossing the sun-baked desserts until I reach you  
 and ask you that eternal question:  
 Why did you leave me alone?

### LETTERS

I wondered how I can  
 strengthen my lexicon,  
 be sophisticated and  
 present myself to be  
 elegant, exquisite.  
 Someone suggested me to  
 be an avid reader.  
 You are the only one who I  
 can turn to now.  
 Will you write me letters,  
 one, every day, my beloved?

*New York*

## Hassanal Abdullah

### SWARMING DARKNESS

Bare chests are soaked in swarming darkness,  
freezing time now rushes to choke our throats;  
tying its feet with a rope, the universe aimlessly  
fancied to put a halt on its endless journey.

The clock's arms are smashed in our hateful hands,  
human skulls minced like a jasmine crushed under feet  
our frantic fate is targeted by the missiles  
a scarcity cursed us through Great Disasters.

Just a few people, calling planet earth by its name  
using vulgarity; they have passed their usual time,  
though they are the ones with fortunate big feasts,  
the rest of the people lived as the most ill-fated paupers.

In the vast space, staying just like a grain of sand,  
maybe smaller than that, with respect to relative mass,  
this chaotic planet is nothing but a piece of rubbish,  
but the darkness seized its tiny lips too.

*Translated from the Bengali by Ekok Soubir*

### I WAIT FOR SOMETHING BETTER

I wait for something better.  
A better start of the day,  
a better evening,  
I wait for a better song,  
birds feather,  
a better piece of poetry,  
I wait for a better breaking news.

I wait for something better.  
A better afternoon,  
a luminous face,

better words, sunny sky,  
I wait for reading a better book.

I wait for something better.  
A better stream, a better boat,  
cheerful offspring,  
a roomful of guests,  
I wait for a better friendship.

I wait for something better.  
A better house, an open balcony,  
fresh breeze, lots of flowers,  
a better land of green,  
a better harvest,  
I wait for a better life.

*Translated from the Bengali by the poet*

### YOU CAN NEVER UNDERSTAND A RIVER

Even rivers sometimes have to say no;  
after allowing a leaf to  
sail on its bosom for a long while  
it illogically lets it sink.

I, who have been listening to  
the river's voice, am sometimes  
rebuffed by the streams,  
sudden unintelligibility.  
What had I been asking from it,  
why did it say no?

I, however, have never stopped  
talking to my river.

*Translated from the Bengali by Jyotirmoy Datta*

*New York*

**Poetry in Bengali****আহমেদ শিপলু****ধ্যানমগ্ন ঘুম**

হালকাভাবে চোখ বন্ধ করুন  
 ধীরে ধীরে দম নিন।  
 দম নিতে নিতে ভাবুন  
 আপনার শরীর ছেড়ে আপনি বেরিয়ে পড়েছেন  
 আপনার অঙ্গ বলে কিছু নেই  
 আপনি শুধু আত্মা বা প্রাণ  
 যেদিকে মন চায় উড়তে থাকুন  
 তখন আপনি আর আপনি নন  
 আপনার অঙ্গপ্রত্যঙ্গ বলে কিছুই নেই  
 আপনার বলতে, আছে শুধু মন।  
 যাঁর কোনো জাত নেই, ধর্ম নেই  
 বর্ণ নেই, হিংসা নেই; ইহকাল নেই, পরকাল নেই।

আপনি উড়তে উড়তে চলে গেলেন সুদূর অতীতে  
 দেখলেন—তরবারি হাতে যুদ্ধরত মানুষ!  
 রক্তাক্ত ময়দান।  
 সকলেই ব্যস্ত স্রষ্টার আরাধনায়।  
 পরস্পর স্রষ্টার শ্রেষ্ঠত্ব রক্ষায়—  
 মন্দির, মসজিদ, গির্জা, প্যাগোডা।  
 দলে দলে লোকেরা সেখানে রক্তক্ষয়ী যুদ্ধে লিপ্ত!  
 রক্তের নেশায় উন্মাদ!  
 আত্মস্বার্থ রক্ষায়, ধর্মের নামে দেশ দখল, রাজ্য দখল।  
 দেখলেন—  
 নারী-পুরুষ বিক্রি হয় হাটে বাজারে  
 জমজমাট দাস ব্যবসা।

আপনি আবারো উড়তে লাগলেন  
 আরো দূর...  
 দেখলেন, মানুষের গায়ে কোনো পোশাক নেই।  
 দেখলেন, নারী পুরুষের সহাবস্থান।  
 পাথরে পাথর ঠুকে আগুন জ্বালানোর চেষ্টারত মানুষ।  
 আপনি ঠিক বুঝতে পারলেন না—  
 তারা হিন্দু না মুসলমান, বৌদ্ধ না খ্রিস্টান।

আপনি আরো কাছে গেলেন  
 কান পেতে শুনলেন তাঁদের কথাবার্তা।  
 কিন্তু তাঁরা আরব না ইংরেজ, বাঙাল না আর্ঘ্য;  
 কিছুই বুঝতে পারলেন না।

আপনি উড়তে লাগলেন  
 সাগর মহাসাগর পেরিয়ে বহুদূর...  
 দেখলেন বাক বেঁধে উলঙ্গ মানুষ  
 খাদ্য সন্ধানে ব্যস্ত নিশিদিন।  
 তাঁদের খাদ্য তালিকায় তখনো নিষিদ্ধ বলে কিছু নেই।  
 শূকর কিংবা হরিণ, কাঁচা অথবা পুড়িয়ে  
 ক্ষুধানিবৃত্তিই তাঁদের অন্যতম ধ্যান।  
 তখনো মন্দির উপাসনালয় গড়ে তোলেনি তাঁরা  
 রচনা করেনি কোনো ধর্মগ্রন্থ  
 লিগু হয়নি পরস্পর যুদ্ধে।

আপনি দেখলেন তাঁদের অপার সম্ভাবনা  
 আগুন জ্বালাতে শিখছে তাঁরা  
 কাঁচা মাংস পুড়িয়ে  
 সুস্বাদয়ুক্ত মসলায় খেতে শিখছে নিত্য  
 গোত্রপতির নির্দেশে গড়ে চলেছে শৃঙ্খল সমাজ।  
 তাঁরা একে একে আবিষ্কার করছে প্রয়োজনীয় তৈজসপত্র।  
 পোড়ামাটিশিল্প রঙ করছে তাঁরা—  
 লোহা, তামা, পাথুরে ছুরি, তীর-ধনুক, বল্লম...  
 নিত্যনতুন আবিষ্কারে মগ্ন মানুষেরা  
 পাথুরে পাহাড় কেটে বানিয়েছে গুহা।

এবার হালকাভাবে চোখ খুলুন  
 ধীরে ধীরে দম নিন  
 দেখুন—  
 সেই সম্ভাবনাময় লোকেরা কোথায় পৌঁছেছে!  
 অলৌকিক আরাধনায় কতোটা ভুলেছে অতীত  
 মিথ্যা প্রলোভনে কতোটা ভুলেছে সত্য।

## ত্রিবিন্দুর মিলনসভায়

[নির্যাতিত শিক্ষক শ্যামল কান্তির নিকট ক্ষমা প্রার্থনা পূর্বক এই কবিতা]

সক্রেটিসের মৃত্যুদণ্ড শুনে কাগজের ওপর ঝাঁপিয়ে পড়েছিলো কলম। পাখির পালকের কোমলতা পেরিয়ে কালিতে চুবানো শুভ্রকঠিন নিব থেকে কোনো শব্দ লেখা হয়নি সেদিন। একটি বিন্দুতেই থেমেছিলো মৃত্যুদণ্ড ও বিষ পানের অধ্যায়।

আরেকবার ব্রহ্মের কথা ভাবতে গিয়ে—গ্যালিলিও, লোরকা, হুমায়ুন আজাদ আর একজন মহা খুনির কথা ভাবতে গিয়ে—অনেক কিছু লেখার বদলে একটি নির্বাক বিন্দু এঁকেছিলাম।

আজো একটি ভয়ানক বিস্ফোরণকে লুকিয়ে ফেলতে চাইলাম। অজস্র শ্যামল কান্তির দুঃখে, ভারাক্রান্ত কলম থেকে প্রতিবাদের বদলে—একটি নির্বাক বিন্দু হামাণ্ডি দিয়ে এগিয়ে গেলো পূর্ববিন্দুদ্বয়ের দিকে।

ত্রিবিন্দুর মিলনসভায় ক্রন্দনরোল। সক্রেটিস থেকে শ্যামল কান্তি—এক পা-ও এগোয়নি মানুষ।

## দাঁড়কাক ও টিয়ার গল্প

একটা পুরুষ দাঁড়কাকের সাথে একটা সবুজ মেয়ে টিয়ার বিয়ে হয়েছিলো। স্বামী দাঁড়কাক সবুজ বউকে ডাকতো রানি বলে। রানি স্বামীকে ডাকতো সম্রাট। এভাবে তাঁরা কাটিয়ে দিলো হাজার কয়েক বছর।

ভালোবাসা আর মমতায় ভরা সুখী জীবনের গল্পে একদিন হানা দিলো বিশ্বাসের বাঘ। তুমুল যুদ্ধ, রক্তক্ষয় আর মৃত্যুর শোক পেরিয়ে তাঁরা পৌঁছে গেলো আরেক পৃথিবীতে।

নতুন পৃথিবীর বিশ্বাসী নেতা—সম্রাটকে দিলো স্বাধীন ডানা, মুক্ত আকাশ; আর সবুজ টিয়াকে সযত্নে পুরে দিলো অদৃশ্য খাঁচায়। সেই থেকে সকলে দলে দলে খাঁচার ব্যবসায় সফল পরম্পরা।

সবুজ টিয়া আজো খাঁচাকেই ভালোবাসে—এই বলে কাক-সমাবেশের দিকে তাকালো দাঁড়কাক। হাজারো পাতিকাক সমন্বরে চিৎকার করে বললো—ঠি ই ই ই ক! ঠি ই ই ই ক!

ঢাকা

## রনি অধিকারী

## এই নিষিদ্ধ নগরী ছেড়ে ০১

আমি শুধু জানি গন্তব্য আসল পরিচয়—বেঁচে থাকা এই নিষিদ্ধ নগরী!

রক্ত ও অশ্রুতে মাখামাখি এক রহস্য নরক:

বিহ্বল বিন্দুতে এই অসহ্য দাঁড়িয়ে থাকা অবিচল দারুণি গাছের মতন কিংবা কম্পাসবিহীন আমার সাম্পান; আদিগন্ত দিশেহারা।

সর্বোপরি হতভাগা ঈশ্বরের সহযাত্রী!

অথবা, আমাকে নিয়ে যাবে কোনো অচেনা নগরী!

কোনো গহীন অরণ্য, একমুঠো স্বস্তির স্নিগ্ধতা অতর্কিতে এভাবে ছড়িয়ে।

শরীরের জ্যামিতি ভাঙার জন্য নিয়ে যাবে গ্রীক রমণীর দেশে!

উত্তপ্ত শরীর থেকে আমি ঢেলে দেবো তরল পারদ, ভাঁজ খুলে

আঙুলের ম্যাজিক শিথিয়ে দেবে তুমি, আমি মধুর ভাঙার থেকে তখন আকর্ষণ

তুলে নেবো অমৃতের স্বাদ।

ঢাকা

## উদয় শংকর দুর্জয়

## ২০৫০ এর কবিতা

ডিসেম্বরের তপ্ত কড়াইয়ে তুমি রাখছো শীতের বৃক্ষ,  
 বারান্দায় তোমার সেইসব পৌষ-ভাজা রোদুর পুড়িয়ে দিয়ে যায়  
 পড়ার টেবিলে পড়ে থাকা স্ক্যান্ডিনেভিয়ার জমাট পাহাড়।  
 এ তো না হয় এই গোলাবের শীতপাহাড় আর তুষারগাড়ির সন্দেশ সমগ্র।

২১ জুলাই ১৯৬৯, মনে আছে? ২০১৯ সালের  
 ওই দিনটা হবে নিল আমস্টার্ডামের চাঁদের পেয়ালায়  
 পা ছোঁয়াবার ৫০ বছর। তারও ৫০ বছর পর অর্থাৎ ২০৬৯,  
 আমাদের স্পেসইস শিপ ততদিন মঙ্গল ভূ-ত্বকের লালভ  
 মাটির পাজরে পেতে দেবে সিলিকন সজ্জা।

তোমার গ্রহে একদিন আড্ডার তুমুল বৈভবে  
 সবুজ এলিয়েন, অফুরন্ত রেডিয়াম জ্বলে দিয়ে যাবে।  
 টেনিসকোর্টে যেদিন আঙুন-বলে রাগবি খেলার আমন্ত্রণ থাকবে  
 সেদিন রোদসীর হাতে এক সিলিভার চূর্ণ কাচের পানীয় দিয়ে  
 মাঠে নেমে যাবে তার ম্যাগনেটিক ঘোড়ার দল।

হকিস নক্ষত্রের তথ্য যেমন ঘটনা-দিগন্তে আটকে থাকে  
 ঠিক তেমনি রেডস্টারের গায়ে লেখা থাকবে  
 মঙ্গলীয় উল্কা দিয়ে খোদাই মুখ। হাজার বছর পর  
 সেইসব শ্রীমুখ হয়ে উঠবে এক একটি নীলাভ অলিম্পাস মঞ্চ।

## শরত এবং পাঁচতলা জাহাজ

র্যাক ফরেস্টের মোহ কাটিয়ে উড়ে আসে হেমবিলাসী পাখি, পাতা  
 ঝরিয়ে দিয়ে পালিয়ে যায় অভিলাষী রঙিন সন্ধ্যা। সীমাতিক্রান্ত  
 রক্তবেগুণী পথ শুয়ে থাকে চকচকে জলকণা মেখে। তখন মনে  
 পড়ে ন্যাড়া ম্যাপলের গায়ে লেখা আগামি বর্ষার নেমস্তল্লপত্র।  
 অলক্ষ্যে ভেসে ওঠে, এক পাঁচতলা জাহাজ আঙুন লাগিয়ে দিলো  
 পাতায় পাতায়। সেই থেকে বৃক্ষের পাতারা বছরে একবার করে  
 রঙ পাল্টায়। অন্তর্লীন ক্ষত যেমন অপেক্ষার প্লাবন মেখে দাঁড়ায়  
 ঠিক প্রত্যাশিত শুভ্রভোরের জন্য অতিথিরা বৌমুনিয়া বা ওয়াটার  
 রেইল-এ ব্যস্ত হয়, এ শৈত মায়া পেরিয়ে আবার লাইলাক  
 রাজ্যপুরের জন্য লিখে রাখে ফেরার সূচিপর্ব। রুড়ি শেলডাকের

চোখে স্নানালোর ওপাশে ঘরমুখো গ্যালাক্সি নেমেছে, হয়তো ফের  
 দেখা হবে ওমের ঘরদোর। ঈশপের সেই হোয়াইট স্টার্ক ফিরবে  
 বলে গুটিয়েছে পাখার আড়ালে জমানো টুকরো কবোষ।  
 ইউরেশিয়ান কার্লিউকে আদর করে ডাকি বড় গুলিন্দা, ফিরো তবে,  
 ফেরার বাঁকে জাহাঙ্গীরনগরের হ্রদে। হেমবেলাস্তের নৈশ ট্রেন  
 তাড়াছড়ো করে ফেলে যায় বিষাদবৃক্ষমেঘ, তখন হৈমন্তিক অলস  
 মাঠ থেকে হার্বেস্টারের গুঞ্জন নিয়ে ফিরে যায় স্টারলিং। তবু  
 শরতের অপরূপ জলসায় জলজ মেঘ আসুক এই পথে। এ পথেই  
 রেখে যাক শখের বালা নীলোতপলা পায়ের চিহ্ন।

লন্ডন

## রফিকুজ্জামান রণি

## ক্ষুধপিপাসা

নিদেন পক্ষে ওই সূর্যটা আমার চাই—  
এই ক্ষুধপিপাসায় সমুদ্র আরো  
তৃষ্ণালু হয়ে উঠেছে,  
আর তাই  
খেতে চাই সূর্যের ক্ষীর—  
নক্ষত্রের তরল দুধই আমার তৃষ্ণা মেটাবে।

কম্পাসবিহীন রাতের কাছে হাত পেতে কী লাভ?  
তার গায়েও যে শিখণ্ডী কামিজ।  
পাললিক শূন্যতা যদি আমার দিকে ঠেলে দেয়  
এক পেট আগুনের পায়ের—  
আমি তা আয়েশ করে খাবো!

## আসন্ন প্রসবা কুকুর এবং

আসন্ন প্রসবা কুকুরটি কঁকিয়ে উঠলে  
আমাদের মহল্লায় রাত নামে  
নির্জীব তাকিয়ে থাকে কাফন-রঙা চাঁদ

শৈশবে পয়সা হারানোর দুঃখ  
প্রত্যাখ্যাত প্রেমকষ্ট  
যৌবনে লাভণ্য খোয়ানোর আক্ষেপ  
বার বার  
ধ্বনিত হয় কুকুরের আর্তনাদে . . .

কঁকিয়ে ওঠে একটি মানুষ  
কঁকিয়ে ওঠে একটি মহল্লা  
কঁকিয়ে ওঠে একটি রাত  
একটি রাষ্ট্র, মহাপৃথিবী  
শুধু নির্জীব তাকিয়ে থাকে চাঁদ  
তারকা, পাহারা দেয় লক্ষ কোটি  
কেউ এগোতে পারে না  
দূর কক্ষপথে দাঁড়িয়ে তামাশা দেখে

কেউই জানে না

একটি কুকুরের চিৎকারেও একদিন  
ভেঙেচুরে ছত্রখান হয়ে যেতে পারে  
অগণন নক্ষত্রবীথি, ছায়াপথ কিংবা সৌরবিশ্ব  
এক লহমায় ধূলিস্মাৎ হয়ে যেতে পারে  
কেবল একটি কুকুরের চিৎকারে...

আসন্ন প্রসবা প্রাণীর সুতীব্র আর্তনাদ  
ক্ষয়, লয় এবং সৃষ্টির উন্মাদনা জড়িয়ে রাখে!

চাঁদপুর

## সম্পাদকের জার্নাল/ EDITOR'S JOURNAL

### একজন আপন মানুষের বিদায়

সৈয়দ আশরাফুল ইসলাম ছিলেন একজন সৎ রাজনীতিবিদ এবং যতদূর জানি তিনি অনেকটা সাদামাটা জীবন যাপন করতেন। স্ত্রীর চিকিৎসার জন্যে তিনি নিজের বাড়ি বিক্রি করেছিলেন বলে খবরে এসেছিলো, অথচ যে সরকারের মন্ত্রী ছিলেন তিনি সেই সরকারের কাছে হাত পাতেননি। বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক সৈয়দ নজরুল ইসলামের সুযোগ্য সন্তান তিনি। মার্জিত, ভদ্র ও সহনশীল। এই বিদগ্ধ রাজনীতিকের সাথে আমার একবারই দেখা হয়েছিলো। ২০০৫ সালের নভেম্বরে নিউইয়র্কে আমার একটি অনুষ্ঠানে তিনি এসেছিলেন শ্রদ্ধেয় শাহরিয়ার কবিরের সাথে। এটি ছিলো শহীদ কাদরীকে নিয়ে লেখা আমার বই "সময়ের সম্পন্ন স্বর"-এর প্রকাশনা উৎসব। তিনি তাঁর বক্তৃতায় কাদরীর সাথে কাটানো লন্ডনের আটপৌরে দিনগুলোর হাস্যরস সমৃদ্ধ চমৎকার বর্ণনা দিয়েছিলেন। বলেছিলেন, "কিন্তু এই বইয়ে কাদরীর লন্ডন বসবাসের অংশ একেবারেই অনুপস্থিত।" অনুরোধ করেছিলেন পরবর্তী সংস্করণে সংযোজন করতে। আমার বইটি ছিলো মূলত কাদরীর সাথে বারো বছর ধরে কথোপকথন ও তাঁর সাক্ষাৎকারগুলোর উপস্থাপন। মজার ব্যাপার হলো কাদরী কখনো এইসব আলাপে তাঁর জীবনের লন্ডন অংশ তুলে আনেননি। ব্যাপারটি তখন আমাকে অবাধ করলেও পরবর্তী সময়ে নিজের অভিজ্ঞতা দিয়ে বুঝতে পেরেছিলাম যে অতীতের উল্লেখযোগ্য ঘটনা বা ঘটনাবলি ইচ্ছাকৃত ভাবে ভুলে যাবার চমৎকার একটি প্রবণতা জীবনের পরতে পরতে জুড়ে দিতে পেরেছিলেন এই কবি। কাদরীর এই ভাবপ্রবণতা আবিষ্কার করার ব্যাপারে ভিন্ন প্রেক্ষাপটে প্রথমে হুমায়ূন আজাদ, অতঃপর ওই অনুষ্ঠানে আলোচনার ভেতর দিয়ে সৈয়দ আশরাফ আমার চোখ খুলে দিয়েছিলেন। পরে, অবশ্য তিনি আওয়ামীলীগ-এর সাধারণ সম্পাদক হলেন, মন্ত্রী হলেন। প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও তাঁর সাথে দেখা হওয়ার আর কোনো সুযোগ আসেনি। টিভির খবরাখবর বা কদাচিৎ অন্য কোনো অনুষ্ঠানে তাঁর বক্তব্য শুনে সর্বদাই তাঁকে আপন মনে হতো। সেই আপন মানুষটির বিদায়ে গভীর বেদনা অনুভব করছি।

### নৌকা স্বাধীনতা ও আমার বাবা

বাবাকে যখন ওরা অন্যান্যদের সাথে, যে কাফেলায় বেশ কিছু নারীও ছিলেন, সারিবদ্ধ ভাবে দাঁড় করিয়ে ব্রাশ ফায়ার করেছিলো তখন আমার বয়স তিন। প্রায় সকলেই ওই অপরাধে মারা গেলেও, মধুমতির জলে অকস্মাৎ বাঁপ দিয়ে মাত্র দুই একজন প্রাণে বেঁচে যান। বাবা অবশ্য আহত অবস্থায় স্বাধীনতার অব্যবহিত পরে মারা যান। আমার মায়ের বয়স তখন ১৮ থেকে ২২ (ধারণা করি যেহেতু তাঁর জন্ম তারিখ লেখাজোকা ছিলো না)। গ্রামে আমাদের তিন ভাই বোনকে লেখাপড়া করাতে বহু কষ্ট করেছেন। কষ্ট করেছি আমরাও। কিন্তু সরকারী কোনো সহযোগিতা কোনো দিন চাইনি, এবং পাইওনি। তবে, বাবার জীবনের বিনিময়ে, তিরিশ লক্ষ শহীদের প্রাণের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে সেটাই তো আমাদের জন্যে পরম পাওয়া। বাবা তো আমাদের জন্যে রেখে গিয়েছেন মুক্ত বাতাসে নিশ্বাস নেয়ার সর্বোচ্চ ব্যবস্থা। কিন্তু আমরা সর্বদাই চেয়েছি রাজাকারদের বিচার। রাষ্ট্রের কাছে তো আমাদের এই একটাই চাওয়া ছিলো। দেরীতে হলেও রাষ্ট্র সেই প্রত্যাশা পূরণ করেছে। জাতির জনকের সন্তান আমাদের পাশে দাঁড়িয়েছেন। আওয়ামীলীগ সরকার আমাদের পাশে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা একাগ্রতার সাথে এমনকি জাতিসংঘ ও যুক্তরাষ্ট্রের চোখ রাঙানি উপেক্ষা করে ফাঁসিতে বুলিয়েছেন ছয় শীর্ষ রাজাকারকে। দেশকে তুলে দিয়েছেন উন্নয়নের মহাসড়কে। হ্যাঁ, স্বীকার

করছি এখনো দেশের নানা পর্যায়ে দুর্নীতি রয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐকান্তিক ভাবে চাইছেন একটি দুর্নীতি মুক্ত সমাজ। মাশরাফির মতো ক্রিন ইমেজের নতুনদের মনোনয়ন দিয়ে তিনি তাঁর সেই অবস্থান সুদৃঢ় করতে সক্ষম হয়েছেন। রাজাকারমুক্ত দেশ গড়ার জন্যে, উন্নয়নের মহাসড়কে আরো শক্তিশালী হওয়ার জন্যে, দুর্নীতির মূলোৎপাটনের জন্যে আমি শেখ হাসিনার নৌকায় আবারও ভোট দেবো। কারণ শেখ হাসিনার নৌকাতো তিরিশ লক্ষ শহীদের নৌকা।

### আমার ২৫টি কবিতা রোমানিয়ান ভাষায় অনুবাদ হচ্ছে

কবি ও বিশিষ্ট অনুবাদক অলিম্পিয়া ইয়াকোভের তত্ত্বাবধানে আমার ২৫টি কবিতা অনূদিত হচ্ছে রোমানিয়ান ভাষায়। এর মধ্যে দশটি কবিতা বিশিষ্ট কবি ও সমালোচকদের মূল্যায়নসহ স্থান পাবে ছোটো কবিতা নিয়ে সে দেশে প্রকাশিতব্য একটি বিশেষ এন্থোলজিতে। বাকি ১৫টি কবিতা বিখ্যাত রোমানিয়ান কবি মারিস স্যালারির সাথে যৌথ একটি ত্রিভাষিক (বাংলা-ইংরেজি-রোমানিয়ান) কাব্যগ্রন্থে স্থান পাবে। স্যালারির কবিতা এ গ্রন্থের জন্যে ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করবেন কবি নাজনীন সীমান। বাংলা থেকে ইংরেজিতে আমি নিজে ছাড়াও আমার কবিতাগুলো অনুবাদ করেছেন জ্যোতির্ময় দত্ত, নজরুল ইসলাম নাজ, পূর্ণিমা রায়, সিদ্দিক এম রহমান ও একক সৌবীর। এর আগে আটটি ভাষায় অনূদিত হয়েছে আমার কবিতা। এই নতুন প্রজেক্ট আগ্রহী হয়ে হাতে নেবার জন্যে কবি অলিম্পিয়া ইয়াকোভের প্রতি আমি কৃতজ্ঞ।

### আমার কবিতা

আজ ছিলো সেমিস্টারের শেষ দিন। কাল থেকে নতুন সেমিস্টার শুরু হওয়ার আগে আজ নানা রকম প্রস্তুতির অংশ হিসেবে প্রায় সারা দিনই শিক্ষকদের মিটিং ছিলো। দিনটির নাম চ্যাসেলরস ডে। সকালের নাস্তা ও দুপুরে খাবারের ব্যবস্থা করেছিলেন স্কুলের প্রিন্সিপাল। দুপুরে খেতে বসতেই, আমার টেবিলে বসা আরেক শিক্ষক যিনি ই.এন.এল (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার) শিক্ষক, আমাকে বললেন, আপনার কবিতা পড়লাম। আমি শুনে খুশি হয়ে বললাম, তাই নাকি! এ তো আমার সৌভাগ্য! তিনি বললেন কবিতাগুলো যথেষ্ট স্বচ্ছ ও গভীর। আইরিস কবি... মতো? তিনি নাম খুঁজে পাচ্ছিলেন না। আমি বললাম, আপনি কি ইয়েটস-এর কথা বলছেন? তিনি বললেন, না না সমকালীন কবি, যিনি বেউফ অনুবাদ করেছেন। আমি বললাম, সিমাস হিনি! তিনি বলেন, হ্যাঁ, হ্যাঁ সিমাস হিনি। আপনার কবিতা অনেকটা তাঁর কবিতার মতো। আমি বললাম, বলেন কি? আপনি ইংরেজি সাহিত্যে ব্যাচেলর-মাসটার্স, আপনার মুখে এমন মন্তব্য শুনে আমি তো অবিভূত! জানালাম, হিনি আমার প্রিয় কবিদের একজন।...মজার ব্যাপার হলো, ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় ভাবতাম, শামসুর রাহমানের মতো কবিতা লিখবো। এবং আমার দ্বিতীয় কাব্যগ্রন্থ প্রকাশের পর এক আলোচক লিখলেন, তার কবিতায় শামসুর রাহমানের গাভীর বিদ্যমান। পরে, যখন আমেরিকায় বসবাস শুরু করি, তখন আমার কেবলা বদলে গেলো। সিমাস হিনি, ডেরক ওয়ালকট, জোসেফ ব্রডস্কির মতো কবিদের পড়তে পড়তে মনে হতে লাগলো এঁদের মতো যদি লিখতে পারতাম! ফলত, আজ সহকর্মীর মন্তব্যে আমার তো খুশি হবারই কথা।

### দু'খানা মূল্যবান চিঠি

সম্প্রতি ফেসবুকে আমি দুটি বার্তা পেয়েছি আমার দু'খানা বইয়ের পাঠ প্রতিক্রিয়া স্বরূপ। আমার বহুল পঠিত বই 'কবিতার ছন্দ' নিয়ে এ পর্যন্ত অসংখ্য প্রতিক্রিয়া এসেছে, যার কিছু

ইতিপূর্বে বন্ধুদের সাথে ভাগাভাগিও করেছি। আর 'কবিতার স্বদেশ বিদেশ' প্রকাশ পেয়েছে এ বছর বইমেলায়। নিচে মন্তব্য দুটি তুলে দেয়া হলো।

১.

একটি বই পড়ে প্রথম আপনাকে চিনতে শুরু করি। বেশি জানার সুযোগ হয়নি। প্রথম চেনার অভিজ্ঞতা বলছি—কবিতার প্রতি একটা ঝোঁক থেকে বিভিন্ন ধরনের কবিতা শিখতে আগ্রহী হয়ে উঠি। কিন্তু বাংলার প্রাথমিক ছন্দগুলো শিখতেও খুব কষ্ট হচ্ছিলো। বাজারে প্রচলিত কয়েকটি (গোটা পাঁচেক) বই কিনেও ছন্দের ধারণা পরিষ্কার করতে পারিনি। প্রতিটা বই-ই কঠিন লাগে। এক সময় ইন্টারনেটে সার্চ দিতে শুরু করি। একটি ব্লগে কবিতার 'উপপর্ব', 'অতিপর্ব' বিষয়ক একটি আলোচনা আমাকে আকর্ষণ করে। পরে খোঁজ করে একটি বইয়ের সন্ধান পাই— 'কবিতার ছন্দ'। লেখক: হাসানআল আবদুল্লাহ। রকমারিতে সার্চ দিয়ে বইটির অর্ডার দেই। বইটি হাতে পাওয়ার পর আমি এতটাই মুগ্ধ হয়েছি যে, একটানা কয়েকটি অধ্যায় পড়তে পড়তে উপভোগ করতে থাকি, ছন্দ নিয়ে এতো সুস্পষ্ট কথা আগে আর কোনো বইতে আমি পাইনি।

২০১৭ বইমেলায় লিটলম্যাগ চত্বরে আপনার কয়েকটি বই এবং লিটলম্যাগের দেখা মেলে কিন্তু দুর্ভাগ্য যে, সেদিন আমার টাকা ফুরিয়ে এসেছিলো। একটিনাত্র লিটলম্যাগ ছাড়া আর তেমন কিছু কিনতে পারিনি। স্টলে বসে থাকা ছেলেটাকে জিজ্ঞেস করেছিলাম আপনার দেখা পাওয়া যাবে কি না। সে জানালো আপনি দেশের বাইরে থাকেন। শুনে খারাপ লাগলো যে, আপনি আগের দিনই বইমেলাতে ছিলেন। এরপর ইন্টারনেটে খুঁজতে থাকি। একসময় আপনার কিছু পিডিএফ ও আলোচনা পেয়ে যাই। ফেইসবুকে খুঁজে পাই আপনার আইডি। বেশ কয়েকবার রিকয়েস্ট দিয়েছিলাম। আজ গ্রহণ করেছেন দেখে আমি আশ্বস্ত হয়েছি।

মজার ব্যাপার হলো আপনার বইটা পড়ার পর থেকে আমি এখন আমার আগের কেনা ছন্দ বিষয়ক জটিল বইগুলোও নিজের মতো বুঝতে পারি। নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'কবিতার ক্লাস'-এ মজা পাই।

আবারও কৃতজ্ঞতা জানাচ্ছি আমাকে বন্ধুতালিকায় রাখার জন্য। (—জিলানী সরকার)

২.

স্যার আমি আপনার 'কবিতার স্বদেশ বিদেশ' বইটা পড়েছি। যদিও সবটা শেষ করতে পারি নাই, তবে আমাকে বারবার আটকে দিচ্ছে 'হুমায়ূন আজাদ: বহুমাত্রিকতার সাহসী স্বরূপ' এই পাঠ। আমি কয়েকবার পড়েছি এই প্রবন্ধখানা। এই ক্ষুদ্র জীবনে যদি কোনদিন আপনার সাথে দেখা হয়, তাহলে হুমায়ূন আজাদ স্যারকে নিয়ে কিছু প্রশ্ন তোলা থাকবে। 'কবিতার স্বদেশ বিদেশ' বইখানা আমার অনেক বেশি ভালো লাগছে। আমাদের এমন সুন্দর একখানা বই উপহার দেবার জন্যে অশেষ ধন্যবাদ স্যার আপনাকে। (—নিলাস মজুমদার)

— হাসানআল আবদুল্লাহ

## বেলাল বেগ

### বিশ্ব কবিতা মঞ্চে বাংলা কবিতা

বিশ্ব কবিতা জগতে দ্বিভাষিক কবিতাপত্র 'শব্দগুচ্ছ' নিয়ে নিউইয়র্ক বাসিন্দা কবি হাসানআল আবদুল্লাহ, দুই দশকেরও বেশি সময় ধরে নীরব আসর চালিয়ে যাচ্ছেন। উদ্দেশ্য, 'হৃদয়ের কথা বলিতে ব্যাকুল,' বাঙালির সমসাময়িক কবিতাকে পৃথিবীর কবিতাপ্রেমীদের অন্তরে ঠাঁই করে দেয়া। নিউইয়র্ক সিটি কাউন্সিলের আংশিক অর্থ সাহায্যে প্রকাশিত হাসানআলের সংকলিত ও অনূদিত Contemporary Bangladeshi poetry হাসানআলকে বিশ্বমঞ্চে গৌরবের প্রথম বিজয় মুকুট পরিয়ে দিয়েছে। সংকলনে আহসান হাবীব, শামসুর রাহমান থেকে রনি অধিকারী, জাহিদ সোহাগ পর্যন্ত ৩৮জন কবির ১৪৯টি কবিতা অন্তর্ভুক্ত হয়েছে। এ সংকলনের সবচেয়ে মূল্যবান পাঠ্য মনে হয়েছে নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের ইংরেজি সাহিত্যের অধ্যাপক নিকোলাস বার্স লিখিত উপক্রমনিকা। এতে প্রফেসর বার্স আধুনিক বাংলাদেশী বাংলা কবিতার যে সাহিত্য মূল্যায়ন করেছেন তা যেমন দক্ষ স্বচ্ছ ও বিশদ ছিল তেমনি ছিল গভীর। বইটির প্রকাশনা অনুষ্ঠানে জনা চারদশেক বাঙালি ও আমেরিকান কবি ও কাব্য প্রেমিকের উপস্থিতিতে যে তথ্য, তত্ত্ববহুল আলোচনা হয়েছে তার আনন্দ তাদের মনে দীর্ঘকাল বাংলা কবিতার সুরভী হয়ে থাকবে। বইটি আমেরিকান মেইনস্ট্রিম লাইব্রেরী সিস্টেমের মধ্য দিয়ে অচিরে যখন সাধারণ পাঠক ও স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মাঝে ছড়িয়ে যাবে হাসানআলের স্বপ্ন পূরণের একটি ধাপ অবশ্যই পার হবে।

নিউইয়র্ক, ১০.১৩.২০১৯

**SHABDANEWS: শব্দসংবাদ**

অনুষ্ঠিত হলো হাসানআল আব্দুল্লাহ অনুদিত ‘কনটেম্পোরারি বাংলাদেশি পোয়েট্রি’ সংকলনের প্রকাশনা উৎসব

Hassanal Abdullah, has virtually singlehandedly made the poetry of contemporary Bangladesh visible in the United States,...

—Prof. Nicholas Birns

বাংলা কবিতার ইংরেজি অনুবাদ। যুক্তরাষ্ট্রে এটি সফল হয়েছে ‘শব্দগুচ্ছ’ কবিতা পত্রিকার মাধ্যমে। বাইশ বছর ধরে প্রকাশিত দ্বিভাষিক এই পত্রিকাটি আন্তর্জাতিক খ্যাতিও জুটিয়েছে। এরই ধারাবাহিকতায় পত্রিকা সম্পাদক, কবি হাসানআল আব্দুল্লাহর অনুবাদে এ বছর প্রকাশিত হলো বাংলাদেশের কবিতার একটি নির্ভযোগ্য অনুবাদ সংকলন, ‘কনটেম্পোরারি বাংলাদেশি পোয়েট্রি’। নিউইয়র্ক কালচারাল এফেয়ার্সের অনুবাদ গ্রান্টে এই গ্রন্থটি প্রকাশ করেছে মূল ধারার দু’টি স্মলপ্রেস, ক্রস-কালচারাল কমিউনিকেশন্স ও নিউ ফেরাল প্রেস। গ্রন্থটির প্রকাশনা উৎসব হয়ে গেলো ১২ অক্টোবর, ২০১৯ শনিবার, নিউইয়র্কে বাঙালীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটস-এর বাংলাদেশ প্লাজায়। ‘শব্দগুচ্ছ’ পত্রিকার ব্যানারে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মার্কিন কবি ও প্রকাশক স্ট্যানলি এইচ বারকান। তিনি বলেন, “টেগোর ও নজরুলের ধারাবাহিকতায় হাসানআল আব্দুল্লাহকে কবিতার ভেতর দিয়ে আমি চিনি। তিনি শুধু নিজের কবিতাই নয়, অনেকক্ষেত্রে নিজেকে সরিয়ে রেখে তাঁর দেশের কবিতাকে উপস্থাপন করতেই ভালবাসেন।” কবি হাসানআল আব্দুল্লাহর সাথে দীর্ঘ দিন ধরে কাজ করার অভিজ্ঞতাও তিনি বর্ণনা করেন। তিনি বলেন, “দু’হাজার সালে আমি তাঁর প্রথম বই ‘বেথ অব বেঙ্গল’ প্রকাশ করি। হাসানআল বাংলা কবিতাকে কতোটুকু ভালবাসেন তাঁর অন্যতম নিদর্শন ‘কনটেম্পোরারি বাংলাদেশি পোয়েট্রি’।” বারকান পড়েন তাঁর লেখা ‘ঢাকা-কুইন্স’ ও হাসানআল আব্দুল্লাহ ও নাজনী সীমনের একটি করে কবিতা। লং আইল্যান্ড বিশ্ববিদ্যালয়ের ক্রিয়েটিভ রাইটিং ডিপার্টমেন্টের চেয়ার প্রোফেসর জন ডিগবি সিটি কালচারাল অফেয়ার্সকে ধন্যবাদ জানিয়ে বলেন, “এই বইটি পাবলিক লাইব্রেরিসহ এদেশে বড়ো বড়ো বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে স্থান পাবে। বর্তমান ও আগামী প্রজন্মের ছাত্রছাত্রীরা বাঙলা কবিতার স্বাদ পেতে এই বইটি হাতে তুলে নেবে বলে আমার বিশ্বাস।” প্রোফেসর ডিগবি হাসানআল আব্দুল্লাহর সনেট ও ইংরেজী-ইটালিয়ান সনেটের একটি তুলনামূলক আলোচনা করেন। তিনি বলেন, “হাসানআল যেভাবে সনেটকে দেখেন আমরা কেউ সেভাবে দেখতে পারিনি, তিনি সনেটকে ডায়ালেকটিক ফর্মে নিয়ে এসে চোদ্দ লাইনের এই কবিতাকে একটি সেমিটের ভেতরে বেধে ফেলেছেন।” তিনি সংকলন থেকে হাসানআল আব্দুল্লাহর ‘স্বতন্ত্র সনেট ৭৭’ আবৃত্তি করে শোনান। প্রোফেসর ডিগবি বলেন, বাঙালীর স্বাধীনতার সংগ্রাম এই বইয়ে অত্যন্ত সফল ভাবে ধরা দিয়েছে। তিনি নাজনী সীমনকে একজন গুরুত্বপূর্ণ রাজনীতি সচেতন কবি হিসেবে তুলে ধরেন। এর আগে দুপুর দেড়টায় অনুষ্ঠান শুরু হয় আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কবি বিল ওয়ালেকের আবৃত্তির ভেতর দিয়ে, তিনি শামসুর রাহমান ও শহীদ কাদরীর কবিতা পড়ে শোনান। তিনি বলেন, “এই সংকলনটি একটি অত্যন্ত সফল অনুবাদ,

যা ইংরেজী ভাষি কাব্যমোদিদের জন্যে গুরুত্বপূর্ণ সম্পদ বলেই আমি মনে করি।” অন্যদিকে নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের প্রোফেসর নিকোলাস বার্স, যিনি বইয়ের ভূমিকা লিখেছেন, দীর্ঘ সময় ধরে এই সংকলনটি নিয়ে হাসানআল আব্দুল্লাহর সাথে কাজ করার অভিজ্ঞতার বর্ণনা করে বলেন, “পশ্চিমা পাঠকদের দুর্ভাগ্য যে এরা শামসুর রাহমান, হুমায়ূন আজাদের মতো শক্তিশালী কবিকে চিনতে পারেনি।” ১৯১৩ সালে রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার পাওয়ার কথা উল্লেখ করে তিনি আরো বলেন, “এর পরেও বেশ কয়েকজন বাঙালী কবির এই পুরস্কারটি পাওয়া উচিত ছিলো।” এ পর্যায়ে তিনি আবারো জোর দিয়ে উল্লিখিত দুই কবির নাম উচ্চারণ করেন। তিনি হুমায়ূন আজাদ ও রফিক আজাদের কবিতা পড়ে শোনান। তাঁর আলোচনায় আহসান হাবীব, সৈয়দ শামসুল হক ও নির্মলেন্দু গুণের কবিতাও উঠে আসে। বাংলা ভাষা ও সংস্কৃতির সাথে পরিচয়ের সূত্র ধরে তিনি আরো বলেন, “শেখ মুজিবর রহমানকে নিয়ে আমি হাসানআলের অনুরোধে একটি প্রবন্ধ লিখছি। তাঁর শততম জন্মদিন উপলক্ষে আমি প্রবন্ধটি খুব আনন্দের সাথে লিখছি, কারণ শেখ মুজিব শুধু বাংলাদেশের প্রতিষ্ঠাতাই নন, তিনি একজন গুরুত্বপূর্ণ বিশ্বনেতা ছিলেন।” প্রাবন্ধিক আহমেদ মায়হার এই সংকলনটিকে একটি মালা হিসেবে তুলে ধরে এর বহুল প্রচার কামনা করেন। বেলাল বেগ ও সৈয়দ মোহাম্মদউল্লাহ এই বইকে বাংলাদেশের কবিতার একটি উল্লেখযোগ্য উপস্থাপন হিসেবে বর্ণনা করে প্রকাশক ও অনুবাদককে ধন্যবাদ জানান। কবি শামস আল মমীন দ্বিভাষিক কবিতা পত্রিকা ‘শব্দগুচ্ছ’ প্রকাশ ও ‘কনটেম্পোরারি বাংলাদেশি কবিতা’ অনুবাদ ও সম্পাদনার ভেতর দিয়ে নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় বাঙলা কবিতার একটি উজ্জ্বল অবস্থান তৈরি করার জন্যে হাসানআল আব্দুল্লাহকে সাধুবাদ জানান। কবি নাজনী সীমন সংকলন থেকে কবি আবুল হাসান ও নিজের একটি করে কবিতা পড়ে শোনান। সংকলন থেকে আরো কবিতা পড়েন নতুন প্রজন্মের দুই উজ্জ্বল মুখ মাহিরা রাহিম ও সামাছা রহমান। কৌতুক পরিবেশন করেন শহীদ উদ্দীন। অনুষ্ঠানে কবির একমাত্র পুত্র একক সৌবীর বলেন যে তাঁর বাবা নিজের আনন্দ-বেদনা প্রকাশের মাধ্যম হিসেবে কবিতাকে বেছে নিয়েছেন। “তিনি কবিতাকে যাপন করেন,” বলে একক মত দেন। তিনি আরো বলেন, “সেদিন বেশি দূরে নয় যখন আমেরিকার কোনো ক্লাসরুমে প্রোফেসর দেড় ঘণ্টার লেকচার দেবেন বাঙলা কবিতা নিয়ে, আর মুগ্ধ হয়ে শুনবে ছাত্রছাত্রীরা।” বইটির অনুবাদক হাসানআল আব্দুল্লাহ বলেন, “আমি যখন এই বইটি বুকে চেপে ধরি আমার মনে হয় আমি বাংলাদেশকে বুকে ধারণ করে আছি। দেশকে বিশ্বের দরবারে তুলে ধরার এরচে’ ভালো উপায় আমার জানা নেই।” অনুষ্ঠান শেষ হয় বাংলাদেশের জাতীয় সঙ্গীত দিয়ে, পরিবেশন করেন শিল্পী মিনি কাদির। ‘শব্দগুচ্ছ’র পক্ষ থেকে মধ্যম্ন ভোজের আয়োজন করা হয়। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন নাজনী সীমন, একক সৌবীর ও জীবন জমাদ্দার। আরো উপস্থিত ছিলেন বিবি বারকান, প্রোফেসর জন ডিগবি, শিল্পী অনুপ বড়ুয়া, নাজমুল কাদির, শিল্পী সুব্রত দত্ত, তানভির রাহিম, ফিল্মমেকার অনিন্দ্য আতিক, আনিকা হক, ও শান্ত রহমান প্রমুখ। অনুষ্ঠান চলে দুপুর দেড়টা থেকে বিকাল সাড়ে চারটা পর্যন্ত। উল্লেখ্য ‘কনটেম্পোরারি বাংলাদেশি পোয়েট্রি’ গ্রন্থে ৩৮জন কবির ১৪৯টি কবিতা স্থান পেয়েছে। প্রচ্ছদ আর্ট পোলিশ শিল্পী ইয়াসেক ওজোয়োস্কি ও ডিজাইন আল নোমান। উৎসর্গ করা হয়েছে ‘৫২ ভাষা আন্দোলনে শহীদদেরকে। অ্যামাজন ডট কম ও স্মল প্রেস ডিস্ট্রিবিউশন ডট কম-এ বইটি পাওয়া যাচ্ছে।

## LETTERS TO THE EDITOR:

My dear friend, poet Hassanal,

How are you? I remember you and all our friends poets with emotion and nostalgia. For me, all those memories will be a strong power in my life . . .

Thank you very much for your great presence in my Poetry Festival. Of course, I had a boycott from the deputy governor and mainly from his people . . . Nevertheless, we, all of us, were together . . .

I hope, that in the next Poetry Festival, the situations will be much better! And of course, for the next Festival, I will send an invitation for you and for your dearest wife.

Dear Hassanal, I received an e-mail from Mr. Stanley Barkan invitationing me to include my poems in the BILINGUAL KOREAN PUBLICATIONS. Thank you very much, my dear Hassanal. I am so grateful to you. I wrote Mr. Barkan that I will send him my poems and my biography as soon as possible. I also wrote him regarding your important poetry, which I like so much! Hassanal, your poetry is with modern intonation, humanist with philosophical extensions and many symbols . . .

I congratulate you and thank you very much again for your presence in my Poetry Festival.

I wish happiness for you and your family, and especially for you, a good health and great poetic inspirations.

Warm regards from Chalkida,

**Maria Mistrioti, Greece**  
May 5, 2019

[সূত্র: ফেসবুক]

প্রায় দীর্ঘ ২৮ বছর পর টরন্টো বইমেলায় দেখা হয় কবি হাসানআল আবদুল্লাহ-র সাথে। মনে আছে আশির দশকের মাঝামাঝি সময় থেকে তিনি খেলাঘরের সাহিত্য বাসরে নিয়মিত যোগদান করতেন। তখন খেলাঘরের অফিসটি ছিলো ৩৩ শান্তিনগরে। তারপর সম্ভবত নব্বইয়ের কাছাকাছি সময় থেকে হাসানআলকে হঠাৎ করেই আমরা সাহিত্য বাসর থেকে হারিয়ে ফেলি। আমরা অনেকেই তাঁর অন্তর্ধানের কারণ অনুসন্ধান করতে থাকি। তারপর জানতে পাই হাসানআল আবদুল্লাহ আমেরিকায় পাড়ি জমিয়েছেন।

হাসানআল অনেকদিন যাবৎ ফেসবুকে আমার বন্ধু লিস্টে আছেন। ভবেছি এই হাসানআল কী আমাদের সাহিত্য বাসর থেকে হঠাৎ হারিয়ে যাওয়া সেই হাসানআল আবদুল্লাহ! চিনতে না পারার আর একটি

মূখ্য কারণ, তাঁর শারীরিক গেট-আপও ইতিমধ্যে অনেকটা চেঞ্জ হয়েছে। তাই আর কখনোই জিজ্ঞাসা করা হয়ে ওঠেনি। কৌতুহল মনের মাঝেই রয়ে গেছে।

হাসানআলের লেখাগুলো বেশ মনোযোগ দিয়ে পড়ি। ভেতর থেকে একটা আলাদা টানও অনুভব করি। আর আজ তাই বহু বছর পর তাঁর সাথে সরাসরি দেখা হওয়ার প্রথমেই তাঁকে সেই মোক্ষম প্রশ্নটি করে বসি। উত্তর সঠিক—এই হাসানআল আবদুল্লাহ-ই আমাদের সেদিনের সেই খেলাঘরের সাহিত্য বাসরের বন্ধু। সত্যি, জানিনা কেন যেন মনটা খুশিতে ভীষণ ভরে যায়।

হাসানআলের লেখার অনেক উন্নতি হয়েছে। নিউইয়র্কে বসে ‘শব্দগুচ্ছ’ নামে একটি লিটল ম্যাগ সম্পাদনা করেন—সেটার একটি কপি আমাকে পড়তে দিলেন। সাহিত্য অন্তর্প্রাণ তাঁর। বোঝা যায় লেখালেখিতেও বেশ সিরিয়াস। বিশ্ব সাহিত্য অঙ্গনেও তাঁর বেশ পদচারণা লক্ষ্য করা যায়। টরন্টো বইমেলায় আমন্ত্রিত হয়ে নিউইয়র্ক থেকে এসেছিলেন যোগ দিতে।

ভালো লাগলো বহু বছর পর আমাদের সেই হঠাৎ হারিয়ে যাওয়া হাসানআল আবদুল্লাহ-র সাথে দেখা হয়ে। ভালো থাকুন হাসানআল। শুভ কামনা আপনার জন্য।

**বাদল ঘোষ, কানাডা**

৭ জুলাই, ২০১৯

বিস্ময়কর! ভালো লাগছে ভাবতে যে বাঙালি পারে। এভাবেই কোনো একদিন বিশ্ব সাহিত্যের আঙ্গিনায় গড়ে উঠবে বাঙলা সাহিত্যের সুরম্য অট্টালিকা। চোখ রগড়িয়ে কোনো হোয়াইট ইউরোপিয়ান বলবে এমন বিস্ময় আগে দেখিনি! বাঙালিরা দেখালো বটে! গুড লাক।

**নূরইলাহী মিনা, নিউইয়র্ক**

১১ সেপ্টেম্বর, ২০১৯

এটি [কনটেম্পোরারি বাংলাদেশ পোয়েট্রি] সত্যিই একটি অসাধারণ কাজ হয়েছে এতদিনে। জানতে ইচ্ছে করে আমাদের বাংলা একাডেমি কি বিষয়টা জানে? বাংলা ভাষা সাহিত্যকে বিশ্বের দরবারে পরিচিত করিয়ে দিচ্ছেন যিনি, বর্তমান কালের একজন অসামান্য কবি, যিনি তাঁর যোগ্যতার পরিচয় দিয়েছেন বহু আগেই তাঁকে মূল্যায়নের ব্যাপারে তারা কি কোন পদক্ষেপ নেবে না!


**জসিম উদ্দিন টুটুল, ঢাকা**

২৫ আগস্ট, ২০১৯

## CONTRIBUTORS

- Adam Szyper** (1939-2015), born in Łódź, Poland, was a poet and translator. The author of a number of poetry books, including *And Suddenly Spring*. He has translated Stanley Barkan, Stanley Kunitz, Philip Levine, Rumi, and Gerald Stern.
- Ahmed Shiplu** is the author of six collections of poetry. His *Selected Poems* (Bengali) was published in 2013. He is the editor of *Mognopath*, a little mag.
- Amir Or** is an Israeli poet, novelist and essayist whose works have been published in more than forty languages. He is the author of twelve volumes of poetry. His most recent books in Hebrew are *The Madman's Prophecy*, *Loot* (selected poems 1977-2013) and *Wings*.
- Aniela Gregorek** with Jerzy Gregorek has translated seven books of poetry and has appeared in many journals, including *The American Poetry Review*.
- Beata Pozniak** is a poet, actress and artist. She creates experimental media projects based on poetry and also starred in Oliver Stone's Oscar nominated "JFK" as Marina Oswald.
- Belal Beg** is a well-known Bengali scholar lives in New York. He was one of the founding producers of the Bangladesh Television.
- Bill Wolak** is a poet who has just published his fifteenth book of poetry entitled *The Nakedness Defense* with Ekstasis Editions. His most recent translation with Mahmood Karimi-Hakak, *Love Me More Than the Others: Selected Poetry or Iraj Mirza*, was published by Cross-Cultural Communications in 2014.
- Birutė Jonuškaitė** (Biruta Augustinienė) is a novelist, poet and eseist. She was born into a Lithuanian family in northeastern Poland. She later went on to study and graduate with a degree in journalism from Vilnius University. She is the author 16 books including seven novels.
- Danuta Bartosz**, born in Kijew, graduated from the University of Poznań, Faculty of Law and Administration. A poetess, journalist, editor, and publisher of 10 editions of bilingual anthologies.
- Dariusz Tomasz Lebioda**—Polish writer, visiting professor at SUNY. Author 70 books. Published in 13 countries. President of European Medal of Poetry and Art—*Homer*.
- Hassanal Abdullah**, a Bangladeshi-American poet and the author of 44 books including an epic. He introduced a new sonnet form—*Swatantra Sonnet*. He is the recipient of numerous awards and honors. He edits *Shabdaguchha*.
- Hatif Janabi** earned his Ph.D. in theatre from Warsaw University (1983) and taught at numerous universities including Warsaw University, University of Tizi-Ouzu in Algeria, Indiana University in the US. He is the author of more than 30 books.
- Jacek Wysocki** is mainly an artist who completed his master's degree from Adam Mickiewicz University in Poznań. He is efficient in computer graphics, photography and experimental videos, generally works with poets and musicians who perform genres like Electronic, RnB, Funky, Jazz, JazzRap.
- Jarosław Pijarowski** is a Polish avant-garde artist, art curator and founder of Teatr Tworzenia (Theater of Creation). He creates contemporary, music, poetry, photography, fine arts and theatre-music spectacles. He is honorary curator of Museum of Diplomacy in Poland.
- Jerzy Gregorek's** poems and translations have appeared in numerous publications, including *The American Poetry Review*. His poem "Family Tree" was the winner of *Amelia* magazine's Charles William Duke Longpoem Award in 1998.
- Joan Digby** is senior Professor of English at Long Island University's Post Campus. She was the former director of the Honors College and Poetry Center. She and her

- husband John Digby are co-publishers of New Feral Press.
- Józef Baran**, poet, writer, literary critic, journalist. One of the leading poets of contemporary Poland, translated into English, Russian, German, Spanish, Hebrew.
- Kazimierz Burnat** is a Polish poet, translator, publicist, journalist, animator of the literary movement. His poems have been translated into many foreign languages, including English, Ukrainian, Vietnamese, Chinese, Mongolian, Swedish, Serbian, Latvian.
- Lee Kuei-shien**, served as chairman of National Culture and Arts Foundation from 2005 to 2007, now is the member of Board of Directors of International Writers and Artists Association (IWA) since 2010, vice president of MovimientoPoetas del Mundo since 2014. He published 25 poetry books. His work has been translated into many languages.
- Małgorzata Żurecka**, born in 1956 in Stałowa Wola, Poland, a Polish poet and short-story writer. Since 2006, member in the Union of Polish Writers. She has published 7 books of poetry.
- Maria Mistrioti** is a poet from Chalkida, Greece. Among many events, she recently organized the 2<sup>nd</sup> International Greece Poetry Festival. Her poetry has been translated into numerous languages.
- Mirosław Grudzieliński**, the translator, born 1951, in Starachowice, Poland, a Polish poet, literary translator and critic, essayist, and publicist.
- Nat Scammacca** (1924 Brooklyn - 2005 Sicily) flew the India-Burma-China "Hump" during WWII, with his twin brother Saverio, expatriated to Sicily, where he married Nina Di Giorio and became the spokesman for the Sicilian Antigruppo, edited "La TerzaPagin" of the local weekly paper, *Trapani Nuova*, for 25 years. Was considered to be the Sicilian Hemingway, who wrote poetry, stories, essays, a novel, and translated from and into Italian and Sicilian. Toured America twice. Currently, his legacy is retained as an online blog directed by his son Glen Scammacca.
- Naznin Seamon** is a NYC High School teacher. *Hollowness on the Horizon* is her recent poetry collection in English. Her Selected Poems in Bengali was published from Ananya (2019).
- Rafiquzzaman Rony**, is a young Bangladeshi poet. This is his first arrival in Shabdaguchha.
- Roni Adhikari** is a poet from Dhaka. He edits two literary magazines and is the sub-editor for the Daily Kalbela, for which he edits the literary supplement.
- Sona Van**, US based Armenian American poet/ essayist is a medical school graduate who emigrated to US in 1978. Later she received a master's degree in Clinical Psychology from the University of Santa Monica in USA. She received Homer Medal. Her latest book is *Libretto for the Desert*.
- Stanley H. Barkan**, is the editor of Cross-Cultural Communications celebrating its 50th anniversary in 2020. His latest books: *As Yet Unborn*, translated into Dutch by Germain Droogenbroodt (New Feral Press, 2019) and *Fullness of Seed*, translated into Armenian by Hermine Navasardyan (Yerevan, Armenia: "Lusakn" 2019).
- Tomasz Marek Sobieraj** poet, writer, literary critic, fine art and social documentary photographer. Editor-in-chief at *Krytyka Literacka*, literary arts magazine in Łódź, Poland.
- Uday Shankar Durjoy** lives in London. He translated a handfull of significant British poets into Bengali. His is the editor of POL, an English language poetry magazine.
- Zbigniew Milewski** is a Polish poet anthologist and literary critic. He is a graduate of the University of Warsaw. Lives in Warsaw.




২০১৯ বইমেলায়  
কবি ও বহুমাত্রিক লেখক  
হাসানআল আব্দুল্লাহর  
বই

১. কবিতাসমগ্র (১ম খণ্ড), অনন্য
২. কবিতার স্বদেশ বিদেশ (প্রবন্ধ),  
পুথিনিলায়

আপনার কপিটি সংগ্রহ করুন!

A bilingual collection of  
Hassanal Abdullah's Sonnets:




**Swatantra Sonnets**  
Bengali with English translation  
by the Author

Published by Feral Press and Cross-  
Cultural Communicatios, NY

ISBN 978-0-98304-594-4  
\$15.00

Please order your copy from  
amazon.com

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত  
—শিবনারায়ণ রায়



**Naznin Seamon's**  
new book of poetry

**Hollowness on the Horizon**


Translated from the Bengali  
by Hassanal Abdullah

Published by  
Feral Press  
Oyster Bay, NY

**Collages: John Digby**

Collect Your Copy!

[www.pp-pub.com](http://www.pp-pub.com)



**মহাপৃথিবী**

শিল্প রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার  
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪২ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

**Mahaprithivi**  
Birinchiberia, Purba Sreekrishnapur,  
Purba Midnapore 721635, W. B., INDIA

হাসানআল আব্দুল্লাহ নব্বই দশকের প্রধান কবি।

—শহীদ কাদরী

## CONTRIBUTORS

### Poets and Translations

Adam Szyper Amir Or Aniela Gregorek  
Beata Pozniak Bill Wolak Birutė Jonuškaitė  
Danuta Bartosz Dariusz Tomasz Lebioda  
Hassanal Abdullah Hatif Janabi Jerzy Gregorek  
Jaroslaw Pijarowski Joan Digby Józef Baran Kazimierz Burnat  
Małgorzata Żurecka Lee Kuei-shien  
Maria Mistrioti Mirosław Grudzień Nat Scammacca  
Naznin Seamon Sona Van Stanley H. Barkan  
Tomasz Marek Sobieraj Zbigniew Milewski

### Poets Contributed in Bengali

Ahmed Shiplu Rafiqzaman Rony Roni Adhikari  
Uday Shankar Durjoy

### Letters to the Editor

Badal Ghosh Jasim Uddin Tutul Maria Mistrioti  
Nilas Mazumder Noorelahi Mina Jelani Sarker

### Short Review

Belal Beg

### Cover Art

Jacek Wysocki

ISBN: 978-1-7330285-1-6

**Shabdaguchha Press**  
Woodhaven, New York  
ISSN 1531-2038

# CONTEMPORARY BANGLADESHI POETRY

TRANSLATED BY  
Hassanal Abdullah

Published by Cross-Cultural Communications and New Feral Press, made possible (in part) by the translation grant awarded to the translator by Queens Council on the Arts with public funds from the New York City Department of Cultural Affairs.

ISBN 978-0-89304-684-2. Price: \$25.00  
Available at: amazon.com and spdbooks.org

*Contemporary Bangladeshi Poetry* is a monumental work.  
—Stanley H. Barkan